সংবাদ

তারিখ 9 NOV 2006
পৃষ্ঠা ১০ কলাম ৭




*গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক ফোরামের সংবাদ সম্মেলনে বক্তারা -সংবাদ*

### সংবাদ সম্মেলনে অভিভাবকদের দাবি

# শিক্ষাপ্রতিষ্ঠান রাজনৈতিক কর্মসূচির বাইরে রাখুন

**নিজস্ব বার্তা পরিবেশক**

স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক ফোরাম আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তারা বলেছেন, কার কারণে বা কী কারণে তা নয়; আমাদের দাবি সব শিক্ষা প্রতিষ্ঠান রাজনৈতিক কর্মসূচির বাইরে রাখতে হবে। তারা বলেন, রাজনৈতিক সমস্যা রাজনৈতিক দলগুলোর নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমেই সমাধান করতে হবে। রাজনৈতিক দলগুলোকে এমনভাবে তাদের কর্মসূচি ঘোষণা করতে হবে যাতে সব শিক্ষা প্রতিষ্ঠান তাদের কর্মসূচির বাইরে থাকে। তারা শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনৈতিক কর্মসূচির বাইরের রাখার দাবিতে প্রধান রাজনৈতিক নেতাদের সঙ্গে আলোচনা করবেন বলেও জানিয়েছেন।

গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে স্কুল অ্যান্ড কলেজ অভিভাবক ফোরাম এই সংবাদ সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন ফোরামের মহাসচিব এএফএম তোফাজ্জল হোসেন। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফোরামের সভাপতি ডা. মোরশেদুল আলম, সাধারণ সম্পাদক নাসেরা নৌলা, আজমালুর রহমান প্রমুখ।

সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, রাজনৈতিক দলগুলোর বিভিন্ন কর্মসূচির কারণে স্কুল-কলেজের পূর্বনির্ধারিত বার্ষিক পরীক্ষা, সেমিস্টার পরীক্ষা ও ভর্তি পরীক্ষা পিছিয়ে গেছে। চাকরি প্রার্থীদের ইন্টারভিউ তারিখও পরিবর্তন করা হয়েছে। ফলে ছাত্রীসহ সব স্তরে হতাশা বিরাজ করছে। রাজনৈতিক নেতৃবৃন্দসহ সব মহলের কাছে বিতর্কিত প্রধান নির্বাচন কমিশনার এমএ আজিজের প্রতি তাদের কোন দাবি আছে কি না সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে ফোরামের নেতৃবৃন্দ বলেন, এটা রাজনৈতিক সমস্যা। রাজনৈতিক দলগুলোর আলোচনার মাধ্যমেই এর সমাধান করতে হবে। নেতৃবৃন্দ বলেন, আমাদের দাবি একটাই- শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে রাজনৈতিক কর্মসূচির আওতামুক্ত রাখতে হবে। আমরা চাই আমাদের ছেলেমেয়েরা নিয়মিত স্কুল-কলেজে যাবে। নি... তাদের পড়াশোনা সম্পন্ন করা ...